FIVB
FÉDÉRATION INTERNATIONALE DE VOLLEYBALL
CAVA
CENTRAL ASIAN VOLLEYBALL ASSOCIATION
AVC
Asian Volleyball Confederation
BANGLADESH VOLLEYBALL FEDERATION
বাংলাদেশ ভলিবল ফেডারেশন

স্মারক ১০১.৫/(প্রশাঃ)/১১/২০২৬/পিসি-৩/১৭৩০৮৬৩ তারিখঃ ২২/০৯/২০২৬।

বিজ্ঞপ্তি

বরাবর
ঢাকা মহানগরীর আগ্রহী ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ

বিষয়: ঢাকা মহানগরী ২য় বিভাগ ভলিবল লীগের বাছাইপর্বে অংশগ্রহণের জন্য ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠান এর আবেদন আহ্বান।

এতদ্বারা ঢাকা মহানগরীর সংশ্লিষ্ট ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ভলিবল ফেডারেশনের ব্যবস্থাপনায় অনুষ্ঠিতব্য **ঢাকা মহানগরী ২য় বিভাগ ভলিবল লীগ** এ নতুন ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির লক্ষ্যে অনুষ্ঠিতব্য বাছাইপর্বে অংশগ্রহণের আবেদন আহ্বান করা হচ্ছে।

আগ্রহী ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে বাছাইপর্বে অংশগ্রহণের মাধ্যমে যোগ্যতা অর্জনকারী দলসমূহকে ২য় বিভাগ ভলিবল লীগ-এর মূল প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। এ লক্ষ্যে **আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে** ঢাকা মহানগরীর আগ্রহী ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে নিজস্ব লেটারহেড প্যাডে বাছাইপর্বে অংশগ্রহণের জন্য আবেদন দাখিল করতে হবে।

আবেদনের সঙ্গে অফেরতযোগ্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এন্ট্রি ফি 'Bangladesh Volleyball Federation/বাংলাদেশ ভলিবল ফেডারেশন' এর নামে ব্যাংক চেক অথবা পে-অর্ডার এর মাধ্যমে প্রদান করতে হবে।

আবেদনের সঙ্গে নিম্নোক্ত নথি-পত্র সংযুক্ত করতে হবে:

১। ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানের গঠনতন্ত্রের কপি।
২। ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানের সাধারণ পরিষদের তালিকা।
৩। ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানের কার্যনির্বাহী পরিষদের তালিকা।
৪। ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের প্রমাণপত্র (MICR Cheque এর ছায়াকপি)।
৫। সংস্থা/ক্লাব/প্রতিষ্ঠানের স্থায়ী ঠিকানার প্রমাণপত্র।

উপরোক্ত সকল নথিপত্র যথাযথভাবে সংযুক্ত থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানের আবেদন গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে। আবেদন যাচাই-বাছাই এর বিষয়ে বাংলাদেশ ভলিবল ফেডারেশনের বর্তমান এ্যাডহক কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

উল্লেখ্য যে, বাছাই পর্বে উত্তীর্ণ ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে ২য় বিভাগ ভলিবল লীগের মূল পর্বে অংশগ্রহণের জন্য অতিরিক্ত অফেরতযোগ্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এন্ট্রি ফি প্রদান করতে হবে।

Shaheed Noor Hossain National Volleyball Stadium, Purana Paltan, Dhaka-1000, Bangladesh.
Phone : +88 0222 33 50103, E-mail : volleybangladesh@gmail.com, volleyballbangladesh@gmail.com
Web: www.volleyballbd.com http://www.facebook.com/Bangladesh-volleyball, http://x.com/volleyballbd

বাছাই পর্বে অংশগ্রহণকারী দলসমূহের মধ্য হতে শীর্ষ স্থান অর্জনকারী **সর্বোচ্চ ৪ (চার)টি দল** ২য় বিভাগ ভলিবল লীগের মূল পর্বে অংশগ্রহণের যোগ্যতা অর্জন করবে।

সংশ্লিষ্ট বিষয়ে যেকোনো তথ্য বা প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

22-09-26

মোঃ আব্দুল মুমিন সাদ্দাম
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ভলিবল ফেডারেশন]
ও সম্পাদক, ২য় বিভাগ ভলিবল লীগ কমিটি।
মোবাইল: ০১৭১৭-০১৮৬৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। **সভাপতি,** বাংলাদেশ ভলিবল ফেডারেশন।
২। **সহ-সভাপতিবৃন্দ,** বাংলাদেশ ভলিবল ফেডারেশন।
৩। **সদস্যবৃন্দ,** এ্যাডহক কমিটি (২০২৬), বাংলাদেশ ভলিবল ফেডারেশন।
৪। **সদস্যবৃন্দ,** ২য় বিভাগ ভলিবল লীগ কমিটি, বাংলাদেশ ভলিবল ফেডারেশন।
৫। **সকল ইলেকট্রনিক, প্রিন্ট ও অনলাইন মিডিয়া – প্রকাশের জন্য অনুরোধ করা হলো।**
৬। **এডমিন/ম্যানেজার, বাংলাদেশ ভলিবল ফেডারেশনের অফিসিয়াল ফেসবুক পেজ ও ওয়েবসাইট – প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।**
৭। সংশ্লিষ্ট সকল।
৮। নোটিশ বোর্ড, বাংলাদেশ ভলিবল ফেডারেশন।